RBI/2016-17/18
IDMD.CDD.No.2020/14.04.050/2016-17

জুলাই 14, 2016

চেয়ারম্যান ও প্রাবন্ধিক  নির্দেশক
সকল তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
(আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক ব্যতীত)
দায়িত্বপ্রাপ্ত ডাকঘরসমূহ
স্টক হোল্ডিং করপোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড (এসএইচসিআইএল)
ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড এবং বম্বে স্টক এক্সচেঞ্জ

মহাশয়া/ প্রিয় মহাশয়

**সভরেন গোল্ড বন্ড, 2016-17 – সিরিজ I**

ভারত সরকার তার **জুলাই 14, 2016 তারিখাঙ্কিত নোটিফিকেশন F. No. 4(7)-W&M/2016** -এর দ্বারা ঘোষণা করেছে যে জুলাই 18, 2016  থেকে জুলাই  22, 2016 পর্যন্ত সভরেন গোল্ড বন্ড, 2016 – সিরিজ I (“বন্ড”)  সাবস্ক্রিপশনের জন্য খোলা থাকবে। ভারত সরকার আগাম নোটিশ দিয়ে নির্ধারিত মেয়াদের পূর্বে যোজনাটি বন্ধ করে দিতে পারে। বন্ডগুলি জারিকরণের বিধি ও শর্তাদি নিম্নরূপ:

**1.  লগ্নি করার যোগ্যতা:**

এই যোজনার অধীনে বন্ডগুলি কোনও বসবাসকারী ভারতীয় একক (ইন্ডিভিজুয়াল) ব্যক্তি নিজ ক্ষমতায় বা কোনও নাবালক শিশুর পক্ষে অথবা অন্য কোনও একক ব্যক্তির সঙ্গে যৌথভাবে ধারণ করতে পারেন। বন্ডটি কোনও ট্রাস্ট, দাতব্য প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়ও ধারণ করতে পারে। “বসবাসকারী ভারতীয় ব্যক্তি” শব্দবন্ধটি ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট, 1999 –এর ধারা 2(v) তৎসহ পঠিত ধারা 2(u) –এর অধীনে সংজ্ঞায়িত আছে।

**2. জমানতের গঠন**

বন্ডগুলি গভর্নমেন্ট সিক্যুরিটিজ অ্যাক্ট, 2006 –এর ধারা 3 অনুসারে “গভর্নমেন্ট অফ ইন্ডিয়া স্টক” হিসাবে জারি করা হবে। লগ্নিকারীকে একটি ধারকপত্র (হোল্ডিং সার্টিফিকেট) (**ফর্ম C**) প্রদান করা হবে। বন্ডগুলি ডি-ম্যাট ফর্মে রূপান্তরের যোগ্য।

**3. জারি করার তারিখ**

জারি করার তারিখ অগস্ট 5, 2016

**4. মূল্যমান (ডিনোমিনেশন)**

বন্ডের মুল্যমান এক গ্রাম সোনার এককে এবং তার গুণিতকে নির্ধারণ করা হবে। বন্ডে ন্যুনতম লগ্নি পরিমান হতে হবে এক গ্রাম তৎসহ অধিকতম সীমা প্রতি অর্থবর্ষে (এপ্রিল-মার্চ) ব্যক্তি-প্রতি পাঁচশ গ্রাম।

**5. ইস্যু মূল্য**

বন্ডের মূল্য সাবস্ক্রিপশন-কালের আগের সপ্তাহের (সোম - শুক্র) জন্য ইন্ডিয়া বুলিয়ান অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন লিমিটেড দ্বারা প্রকাশিত 999 বিশুদ্ধতার সোনার সরল গড় সমাপ্তি মূল্যের ভিত্তিতে ভারতীয় টাকায় নির্ধারিত হবে।

**6. সুদ**

বন্ডগুলিতে প্রাথমিক লগ্নি মূল্যের উপর বার্ষিক 2.75 শতাংশ (অপরিবর্তনীয় হার) হারে সুদ দেওয়া হবে৷ ষান্মাসিক(হাফ ইয়ারলি) ভিত্তিতে সুদপ্রদান করা হবে এবং অন্তিম সুদরাশিটি মেয়াদপূর্তীর সময় আসলের সঙ্গে একসাথে দেওয়া হবে৷

**7. আবেদন গ্রহনকারী কার্য্যালয়সমূহ**

তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক সমূহ (আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক ব্যতীত) এবং দায়িত্বপ্রাপ্ত ডাকঘর (যেরকম বিজ্ঞাপিত হবে), স্টক হোল্ডিং করপোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড (এসএইচসিআইএল) এবং স্বীকৃত স্টক এক্সচেঞ্জসমূহ যথা ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড এবং বম্বে স্টক এক্সচেঞ্জ সরাসরি অথবা এজেন্ট-এর মাধ্যমে বন্ডের জন্য আবেদন পত্র জমা নিতে অনুমোদিত হয়েছে৷

**8. সাবস্ক্রিপশন (পেমেন্ট) জমা নেওয়ার মাধ্যম**

পেমেন্ট ভারতীয় মুদ্রা-টাকায় নগদে সর্বাধিক 20,000/- টাকা পর্যন্ত বা ডিমান্ড ড্রাফট বা চেক অথবা ইলেট্রনিক ব্যাঙ্কিং মারফত গ্রহণ করা হবে৷ যেক্ষেত্রে চেক বা ড্রাফট-এর মাধ্যমে পেমেন্ট গ্রহণ  করা হবে, সেক্ষেত্রে তা আবেদন গ্রহণকারী কার্যালয়ের অনুকুলে জারি(ড্র) করতে হবে৷

**9. মেয়াদপূর্তীতে মূল্যপরিশোধ (রিডেম্পশন)**

**i)** বন্ডের মুল্য পরিশোধ করা হবে গোল্ড বন্ডগুলি জারিকরণের তারিখ, অগস্ট 5, 2016 থেকে, আট বছর পূর্ণ হবার পর৷ প্রাক-মেয়াদপূর্তী মূল্য পরিশোধ অনুমোদিত আছে জারিকরণের তারিখ থেকে পঞ্চম বর্ষ  পূর্ণ হওয়ার পর, সুদ প্রদানের তারিখগুলিতে৷

ii) পরিশোধ মুল্য দেওয়া হবে ভারতীয় মুদ্রা-টাকায় IBJA দ্বারা প্রকাশিত 999 বিশুদ্ধতার সোনার আগের সপ্তাহের (সোম - শুক্র)  সমাপ্তি মূল্যের সরল গড়ের ভিত্তিতে৷

iii)  আবেদন গ্রহণকারী কার্যালয় মেয়াদপূর্তীর এক মাস আগে লগ্নিকারীকে গোল্ড বন্ডের মেয়াদপূর্তীর তারিখ জানাবে৷

**10. অর্থফেরত (রিপেমেন্ট)**

আবেদন গ্রহণকারী কার্যালয় মেয়াদপূর্তীর এক মাস আগে লগ্নিকারীকে বন্ডের মেয়াদপূর্তীর তারিখ জানাবে৷

**11. স্ট্যাট্যুটরি লিক্যুইডিটি রেশিও(এসএলআর) –র মধ্যে গ্রাহ্য হবার যোগ্যতা**

বন্ডে লগ্নি এসএলআর-এর অন্তর্গত হিসাবে  গ্রাহ্য হবে৷

**12. বন্ডের সাপেক্ষে ঋণ**

ঋণের নেওয়ার ক্ষেত্রে বন্ডগুলি সমান্তরাল জমানত হিসেবে গ্রাহ্য হবে৷ ঋণ ও মুল্য অনুপাত (লোন টু ভ্যালু রেশিও) তেমনভাবে প্রযোজ্য হবে যেমনভাবে সাধারণ স্বর্ণঋণ (গোল্ড লোন)-এর ক্ষেত্রে আরবিআই কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত হয়। ডিপোজিটরিতে বন্ডগুলির উপর স্বত্ব (লিয়েন) রক্ষিত থাকবে অনুমোদিত ব্যাঙ্কের অধিকারে৷

**13. কর (ট্যাক্স) সম্পর্কিত ক্রিয়াদি**

ইনকাম ট্যাক্স অ্যাক্ট, 1961 এর বিধান (প্রভিশন) অনুসারে বন্ডের উপর সুদ করযোগ্য হবে৷  কোন একক ব্যক্তির নামে থাকা এসজিবি-র **ক্ষেত্রে** মেয়াদপূর্তী মূল্যপরিশোধের উপর উদ্ভূত  ক্যাপিটাল গেনস ট্যাক্স ছাড় দেওয়া হয়েছে৷ কোনও ব্যক্তিকে বন্ড হস্তান্তরণের উপর উদ্ভূত দীর্ঘ মেয়াদী ক্যাপিটাল গেনস ক্ষেত্রে ইনডেক্সেশন সুবিধা প্রদান করা হবে৷

**14. আবেদন পত্র**

প্রস্তাবিত নির্দিষ্ট আবেদন পত্রে (**ফর্ম ‘A’**) অথবা যতটা তার কাছাকাছি সম্ভব হবে সেরকম ফর্মায় বন্ডগুলির  জন্য সাবস্ক্রিপশন করা যাবে যেখানে  আবেদন পত্রে পরিস্কারভাবে সোনার পরিমান (গ্রাম ভর) এবং আবেদনকারীর পুরো নাম ও ঠিকানার উল্লেখ থাকতে হবে৷আবেদন

গ্রহণকারী কার্যালয় **ফর্ম ‘B’** মারফত আবেদনকারীকে একটি প্রাপ্তি স্বীকার পত্র প্রদান করবে৷

**15. মনোনয়ন**

গভর্নমেন্ট সিক্যুরিটিজ অ্যাক্ট, 2006 (2006 এর 38) এবং গভর্নমেন্ট সিক্যুরিটিজ রেগুলেশন, 2007 এর বিধানসমূহ (প্রভিশন) যা ভারত সরকারের সরকারি ঘোষণাপত্রের (গেজেট অফ ইন্ডিয়া) পার্ট III এর ধারা 4-এ ডিসেম্বর 1, 2007 তারিখে প্রকাশিত হয়েছে, সেই অনুসারে যথাক্রমে **ফর্ম ‘D’ এবং ফর্ম ‘E’**, –র মাধ্যমে মনোনয়ন জমা দেওয়া বা বাতিল করা যাবে৷

**16. হস্তান্তর যোগ্যতা**

গভর্নমেন্ট সিক্যুরিটিজ অ্যাক্ট, 2006 (2006 এর 38) এবং গভর্নমেন্ট সিক্যুরিটিজ রেগুলেশন, 2007 এর বিধানসমূহ যা ভারত সরকারের সরকারি ঘোষণাপত্রের (গেজেট অফ ইন্ডিয়া) পার্ট III এর ধারা 4 -এ ডিসেম্বর 1, 2007 তারিখে প্রকাশিত হয়েছে, সেই অনুসারে **ফর্ম ‘F’** এ বিবৃত একটি হস্তান্তরণ সাধনপত্র (ইন্সট্রুমেন্ট অফ ট্রান্সফার) সম্পাদনের (এক্সিকুশন) মাধ্যমে বন্ডগুলি হস্তান্তর যোগ্য হবে৷

**17. বিপনন যোগ্যতা**

বন্ডগুলি কেনাবেচার যোগ্য (ট্রেডেবল) হবে সেই তারিখ থেকে যা ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক বিজ্ঞাপিত হবে।

**18. বিতরণযোগ্য কমিশন**

আবেদন গ্রহণকারী কার্যালয়ে গৃহিত আবেদনের জন্য মোট জমা হওয়া সাবস্ক্রিপশন রাশির প্রতি একশ টাকার উপর এক টাকা হারে, বন্টনকার্য সম্পাদন বাবদ, কমিশন প্রদান করা হবে এবং গ্রহণকারী কার্যালয়সমূহ এরূপে প্রাপ্ত কমিশনের অন্ততঃ 50% যে এজেন্ট বা সাব-এজেন্টদের মাধ্যমে ব্যবসাকর্মটি অর্জিত হয়েছে তাঁদের মধ্যে বন্টন করবে৷

19. অন্যান্য বিধি ও শর্তাদি যা ভারত সরকারের অর্থ মন্ত্রক (ডিপার্টমেন্ট অফ ইকনমিক অ্যাফেয়ার)-এর 08ই অক্টোবর 2008 তারিখাঙ্কিত দ্রষ্টব্য বিজ্ঞপ্তি নং. F.No.4 (13) W&M/2008 এর মাধ্যমে নির্দিষ্ট করা আছে সেগুলি বন্ডগুলির ক্ষেত্রে প্রযোজ্য হবে৷

20. সভরেন গোল্ড বন্ড, 2016-17 – সিরিজ I সম্পর্কিত প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকা **সারকুলার IDMD.CDD.NO.112/14.04.050/2016-17** –এর মাধ্যমে জারি করা হয়েছে৷

আপনার বিশ্বস্ত,
(রাজেন্দ্র কুমার)
মহাপ্রবন্ধক
সংলগ্নক: যথা উল্লেখিত